

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২: ২৬

আরবি মূল আয়াত:

قَالُوا إِنَّا كُنَّا قَبِلُ فِي اَهلِنَا مُشفِقِينَ ﴿٢۶﴾

🗚 অনুবাদসমূহ:

তারা বলবে, 'পূর্বে আমরা আমাদের পরিবারের মধ্যে শঙ্কিত ছিলাম।' — আল-বায়ান

তারা বলবে, 'পূর্বে আমরা আমাদের পরিবারে (দুনিয়াবী নানা কারণে ও আখিরাতের 'আযাবের আশংকায়) ভয় ভীতির মধ্যে ছিলাম। — তাইসিক্রল

এবং বলবেঃ পূর্বে আমরা পরিবার-পরিজনের মধ্যে শংকিত অবস্থায় ছিলাম – মুজিবুর রহমান

They will say, "Indeed, we were previously among our people fearful [of displeasing Allah]. — Sahih International

২৬. তারা বলবে, নিশ্চয় আগে আমরা পরিবার-পরিজনের মধ্যে শংকিত অবস্থায় ছিলাম।(১)

(১) অর্থাৎ আমরা দুনিয়ায় বিলাসিতায় ডুবে এবং আপন ভূবনে মগ্ন থেকে গাফলতির জীবন যাপন করিনি। সেখানে সবসময়ই আমাদের আশংকা থাকতো যে, কখন যেন আমাদের দ্বারা এমন কোন কাজ হয়ে যায়, যে কারণে আল্লাহ আমাদের পাকড়াও করবেন। [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২৬) এবং বলবে, 'নিশ্চয় আমরা পূর্বে পরিবার-পরিজনের মধ্যে শংকিত অবস্থায় ছিলাম। [1]

[1] অর্থাৎ, আল্লাহর শাস্তি থেকে। এই জন্য আমরা সেই শাস্তি থেকে বাঁচার প্রতি যত্ন নিতাম। কারণ, যে যে জিনিসকে ভয় করে, সে তা থেকে বাঁচার প্রচেষ্টা চালায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4761

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন